বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অধ্যক্ষের কার্যালয়**
সরকারি ব্রজলাল কলেজ, খুলনা
**Website: www.blcollege.edu.bd**

ফোন: +৮৮০২৪৭৭৭০২৯৪৪
e-mail: infoblcollege@gmail.com
facebook page: govt.blc.official

Govt. Brajalal College Estd-1902 Daulatpur, Khulna

তারিখ: ০৪ আশ্বিন, ১৪২৯ বঙ্গাব্দ
১৯ সেপ্টেম্বর, ২০২২ খ্রিস্টাব্দ

# বিজ্ঞপ্তি

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের মেধাবৃত্তি প্রোগ্রামের আওতায় "ইউজিসি মেধাবৃত্তি ২০২২" এর জন্য মেধাবী ছাত্র-ছাত্রীদের মনোনয়ন প্রদানের জন্য আহবান করায় "ইউজিসি মেধাবৃত্তি ২০২২" এর জন্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সরকারি ব্রজলাল কলেজ, খুলনার মেধাবী ছাত্র/ছাত্রীদের সংযুক্ত মেধাবৃত্তি সংক্রান্ত নিয়মাবলী মোতাবেক মনোনয়ন ফরম পূরণপূর্বক আগামী ২২.০৯.২০২২ তারিখের মধ্যে কলেজ অফিসে হার্ডকপি জমা দেয়ার ব্যবস্থা করতে বিভাগীয় প্রধানগণকে অনুরোধ করা হলো।

19.9.2022

(প্রফেসর শরীফ আতিকুজ্জামান)
অধ্যক্ষ
সরকারি ব্রজলাল কলেজ, খুলনা

# জাতীয় বিশ্ববিদ্যালয়

বাংলাদেশ

স্মারক নং- ০১(১৬২)জাতীঃবিঃ/প্রশাঃ/৯২/১/৮৫২ তারিখঃ ২৪শে ভাদ্র ১৪২৯ বঙ্গাব্দ / ০৮ই সেপ্টেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের মেধাবৃত্তি প্রোগ্রামের আওতায় 'ইউজিসি মেধাবৃত্তি ২০২২' এর জন্য মেধাবী ছাত্র/ছাত্রীদের মনোনয়ন প্রসঙ্গে।**

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের মেধাবৃত্তি প্রোগ্রামের আওতায় জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রত্যেক অনুষদ থেকে একজন করে মেধাবী ছাত্র/ছাত্রীদের 'ইউজিসি মেধাবৃত্তি ২০২২' এর জন্য মনোনয়ন প্রদানের আহ্বান করা যাচ্ছে।

এমতাবস্থায় 'ইউজিসি মেধাবৃত্তি ২০২২' এর জন্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজসমূহের মেধাবী ছাত্র/ছাত্রীদের সংযুক্ত ইউজিসি মেধাবৃত্তি সংক্রান্ত নিয়মাবলী মোতাবেক মনোনয়ন ফরম পূরণপূর্বক আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবর পাঠানোর জন্য অনুরোধ করা হলো।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে


(মোল্লা মাহফুজ আল-হোসেন)
রেজিস্ট্রার
ফোন: ৯৯৬৬৯১৫১৬, ফ্যাক্স: ৯৯৬৬৯১৫৩৭
মোবাইল: ০১৭১১১৮৯৯৬৯
আইপি: ২১২২১০৫
e-mail: registrar@nu.edu.bd


অধ্যক্ষ
সকল অধিভুক্ত কলেজ
জাতীয় বিশ্ববিদ্যালয়

স্মারক নং- ০১(১৬২)জাতীঃবিঃ/প্রশাঃ/৯২/১/৮৫২ তারিখঃ ২৪শে ভাদ্র ১৪২৯ বঙ্গাব্দ / ০৮ই সেপ্টেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. পরিচালক, অর্থ ও হিসাব দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
২. পরিচালক, অভ্যন্তরীণ নিরীক্ষা দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৩. পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
**(অফিস আদেশটি জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করার অনুরোধ করা হলো।)**
৪. পরিচালক, মানবসম্পদ উন্নয়ন ও শৃঙ্খলাচার দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৫. উপ-রেজিস্ট্রার ও সচিব, ভাইস-চ্যান্সেলর এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৬. সহকারী রেজিস্ট্রার, সকল প্রো-ভাইস চ্যান্সেলর-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৭. সহকারী রেজিস্ট্রার, ট্রেজারার-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৮. সহকারী রেজিস্ট্রার, রেজিস্ট্রার-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৯. অফিস কপি।

রেজিস্ট্রার
জাতীয় বিশ্ববিদ্যালয়

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
web: www.ugc.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০১.০০০০.০৭১.৩৪.০০২.২০.৩৭৬

তারিখ: ৯ আষাঢ় ১৪২৯
২৩ জুন ২০২২

বিষয়: **পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহের মেধাবী ছাত্র/ছাত্রীদের জন্য ইউজিসি মেধাবৃত্তি ২০২২ এর মনোনয়ন আহবান প্রসঙ্গে।**

জনাব
বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের মেধাবৃত্তি প্রোগ্রামের আওতায় পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহের প্রত্যেক অনুষদ থেকে একজন করে মেধাবৃত্তির জন্য মনোনয়ন প্রদানের বিধান রয়েছে।

২। বর্ণিত অবস্থায়, আপনার বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের মেধাবৃত্তি প্রদানের উদ্দেশ্যে যেসকল মেধাবী শিক্ষার্থী সর্বশেষ শিক্ষাবর্ষে স্নাতক পরীক্ষা সম্পন্ন করেছেন এবং স্নাতকোত্তর পর্যায়ে অধ্যয়নরত আছেন সেসকল শিক্ষার্থীদের মধ্যে অনুষদে সর্বোচ্চ সিজিপিএ/নম্বর শিক্ষার্থীদের মনোনয়ন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

৩। বিশ্ববিদ্যালয়ের শুধুমাত্র প্রকৌশল, কৃষি ও চিকিৎসা বিষয়ক অনুষদের ক্ষেত্রে সকল বিভাগের স্নাতক (শেষবর্ষ)-এর পূর্বের পরীক্ষার ফলাফল প্রকাশিত হওয়ার পর পরই উক্ত ফলাফলের ভিত্তিতে প্রতি অনুষদ থেকে একজন শিক্ষার্থীর মনোনয়ন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

৪। প্রত্যেক পাবলিক বিশ্ববিদ্যালয় থেকে সর্বোচ্চ ০১ (এক) জন প্রতিবন্ধী শিক্ষার্থীকে (প্রতি বছর হিসাবে মোট ০৪ বছরের জন্য) বৃত্তি প্রদানের জন্য শিক্ষার্থীর বিবরণ একই তালিকায় প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। প্রতিবন্ধী হিসেবে বিবেচনার ক্ষেত্রে দৃষ্টিহীন প্রতিবন্ধীকে বিশেষ প্রতিবন্ধী হিসেবে বিবেচনা করা হবে।

৫। একই শিক্ষাবর্ষে একই অনুষদ থেকে একাধিক শিক্ষার্থীর মনোনয়ন না পাঠানোর জন্য বিশেষভাবে অনুরোধ করা হ'ল।

৬। এমতাবস্থায়, মনোনয়নকারী শিক্ষার্থীদের মনোনয়ন ফরম পূরণপূর্বক যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে কমিশনে আগামী ৩১-০৮-২০২২ খ্রি. তারিখের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। (বি:দ্র: প্রত্যেক অনুষদের আবেদন পত্র ও বিবরণসহ অবশ্যই তাদের রেজিস্ট্রারের অগ্রায়নপত্রের (শিক্ষার্থীদের নামের সংক্ষিপ্ত তালিকাসহ) মাধ্যমে একসাথে পাঠাতে হবে)।

উক্ত পত্র জারীর পর কমিশন থেকে মেধাবৃত্তির জন্য আর কোন মনোনয়ন আহবান করা হবে না, বরং বিশ্ববিদ্যালয়সমূহ উক্ত নিদের্শনামতে কমিশনামত কমিশনে যথাসময়ে মনোনয়ন প্রেরণ করবেন। ইউজিসি মেধাবৃত্তি সংক্রান্ত নীতিমালা ও আবেদন ফরম কমিশনের ওয়েব সাইট (www.ugc.gov.bd) থেকে সংগ্রহ করার জন্য বলা হ'ল।

২৩-৬-২০২২
প্রকৌঃ মোহাম্মদ জিয়াউর রহমান
উপ-পরিচালক (স্কলারশিপ এন্ড ফেলোশিপ)

রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয়/রাজশাহী বিশ্ববিদ্যালয়/বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়/বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়/চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়/জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়/ইসলামী বিশ্ববিদ্যালয়/শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/খুলনা বিশ্ববিদ্যালয়/জাতীয় বিশ্ববিদ্যালয়/বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়/বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়/বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়/হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়/মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/জগন্নাথ বিশ্ববিদ্যালয়/নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়/কুমিল্লা বিশ্ববিদ্যালয়/চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়/সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়/যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস্ (বিইউপি)/বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়/পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/বরিশাল বিশ্ববিদ্যালয়/বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়/রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম বিশ্ববিদ্যালয়/ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়/চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়/রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়/রবীন্দ্র বিশ্ববিদ্যালয়/বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি/শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়/খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়/বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/সিলেট মেডিকেল বিশ্ববিদ্যালয়/বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয়।

ফোন: +৮৮-০২-৫৮১৬০২৩০
ইমেইল: ziaiut96@gmail.com

স্মারক নম্বর: ৩৭.০১.০০০০.০৭১.৩৪.০০২.২০.৩৭৬/১(৬)

তারিখ: ৯ আষাঢ় ১৪২৯
২৩ জুন ২০২২

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১) পরিচালক, ইনফরমেশন ম্যানেজমেন্ট, কমিউনিকেশন এন্ড ট্রেনিং বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি'র ওয়েবসাইটে স্কলারশিপ/ফেলোশিপ সেবাবক্সের 'ইউজিসি মেধাবৃত্তি' লিংকে আপলোড করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো);

২) একান্ত সচিব (উপ-সচিব), চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;

৩) সহকারী সচিব, সদস্য মহোদয়ের দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;

৪) ব্যক্তিগত কর্মকর্তা (পি ও), সচিবালয় ও প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;

৫) ব্যক্তিগত কর্মকর্তা (পি ও), রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশনস বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;

৬) নথি/মহানথি।

২৩-৬-২০২২

আকতার পেরিস

সহকারী পরিচালক (স্কলারশিপ এন্ড ফেলোশিপ)

# বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

University Grants Commission of Bangladesh

ইউজিসি ভবন, প্লট নং ই ১৮/এ ,আগারগাঁও, প্রশাসনিক এলাকা শেরে বাংলানগর, ঢাকা-১২০৭।

Web: www.ugc.gov.bd

বাংলাদেশ
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

## ইউজিসি মেধাবৃত্তির জন্য মনোনয়ন ফরম

সত্যায়িত
ফটোগ্রাফ

১। নাম ঃ

২। জন্ম তারিখ ঃ

৩। পিতার নাম ঃ

৪। স্থায়ী ঠিকানা ঃ

৫। বর্তমান ঠিকানা ও মোবাইল নম্বর এবং ই-মেইল ঃ

৬। বিশ্ববিদ্যালয়ের নাম ঃ

৭। অনুষদের নাম ঃ

৮। যে বিষয়ে ও যে বর্ষে অধ্যয়নরত ঃ

৯। শিক্ষাগত যোগ্যতা ঃ

| পরীক্ষার নাম (সম্মান ও স্নাতকোত্তরের বিষয় উল্লেখসহ) | বোর্ড/বিশ্ববিদ্যালয়ের নাম | সন এবং ফল প্রকাশের তারিখ | পাশের বিভাগ/শ্রেণী (মেধাবৃত্তিক কোন স্থান থাকলে তার উলেল্লখসহ) | সর্বমোট পরীক্ষার নম্বর/সিজিপিএ | মোট প্রাপ্ত নম্বর ও শতকরা হার | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |

(উল্লেখিত পরীক্ষাগুলির প্রত্যেকটির জন্য স্ব স্ব বিভাগীয় শিক্ষক কর্তৃক সত্যায়িত মার্কশীট এতদসঙ্গে সংযুক্ত করতে হবে)।

১০। যাদি ছাত্র/ছাত্রী প্রকৌশল, কৃষি বা চিকিৎসা ক্ষেত্রে অধ্যয়নরত হয় তবে সে ক্ষেত্রে শেষ বর্ষের পূর্বের বর্ষের পরীক্ষা বিশ্ববিদ্যালয়ের অন্যতম পরীক্ষা বলে বিবেচিত হবে কিনা ? ঃ

১১। বর্তমানে কোন বৃত্তি উপভোগ করলে তার বিবরণ ঃ

| বৃত্তির নাম | বৃত্তির হার | বৃত্তি প্রদানকারী প্রতিষ্ঠান/সংস্থার নাম | বৃত্তির মেয়াদ, কোন তারিখ থেকে শুরু এবং কোন তারিখে শেষ |
|---|---|---|---|
| | | | |
| | | | |

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য/২

১২। ইউ.জি.সি. বৃত্তি পেলে ১১ কলামে উল্লেখিত বৃত্তি ত্যাগ করতে প্রস্তুত কি না ?

১৩। আমি অঙ্গীকার করছি যে, (১) উপরোক্ত তথ্যসমূহ সত্য (২) গর্হিত কোন আচরণের জন্য বিশ্ববিদ্যালয় আমার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করেনি (৩) ইউজিসি বৃত্তি গ্রহণের পর গর্হিত কোন আচরণের জন্য বিশ্ববিদ্যালয় আমার বিরুদ্ধে কোন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করলে এ বৃত্তি উপভোগ করতে পারব না এবং (৪) এ বৃত্তির ব্যাপারে বর্তমানে প্রণীত ও ভবিষ্যতে প্রণীতব্য সকল নিয়ম কানুন মেনে চলব।

ছাত্র/ছাত্রীর স্বাক্ষর (তারিখসহ)

১৪। বিভাগীয় প্রধানের মন্তব্য ঃ

বিভাগীয় প্রধানের স্বাক্ষর ঃ

তারিখ ঃ

সীল ঃ

উপরোলিখিত ছাত্র/ছাত্রী জনাব..............................................................এর বিরুদ্ধে গর্হিত কোন আচরণের জন্য বিশ্ববিদ্যালয় কোন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করেনি। ইউ জি সি মেধাবৃত্তির জন্য তাকে এই বিশ্ববিদ্যালয় কর্তৃক মনোনয়ন প্রদান করা হলো। তাঁর এসএসসি/এইচএসসি/স্নাতক (অনার্স) পর্যায়ে কোন 'ব্রেক অব ষ্টাডি' নেই/আছে (তা থাকলে কারণ আলাদা কাগজে উল্লেখ করতঃ তাতে বিশ্ববিদ্যালয় রেজিস্ট্রারের স্বাক্ষরপূর্বক সংযুক্ত করতে হবে।)।

রেজিষ্ট্রারের স্বাক্ষর ঃ

তারিখ ঃ

সীল ঃ

## ইউজিসি মেধাবৃত্তি সংক্রান্ত নিয়মাবলী

এই নীতিমালায় বর্ণিত সকল বৃত্তি ইউজিসি মেধাবৃত্তি হিসাবে গণ্য হবে এবং তা ইউজিসি'র তহবিল হতে প্রদান করা হবে। দুইটি পৃথক ক্যাটাগরিতে এই বৃত্তি প্রদান করা হবে, (ক) সাধারণ মেধাবী শিক্ষার্থী ক্যাটাগরি এবং (খ) মেধাবী প্রতিবন্ধী শিক্ষার্থী ক্যাটাগরি

(ক) সাধারণ মেধাবী শিক্ষার্থী ক্যাটাগরির ক্ষেত্রে শর্তাবলি:

১। দেশের সকল পাবলিক বিশ্ববিদ্যালয়ের প্রত্যেক অনুষদ থেকে ১ (এক) জন শিক্ষার্থীকে এক বছরের জন্য বৃত্তি প্রদান করা হবে।

২। জেনারেল ডিসিপ্লিনের ক্ষেত্রে স্নাতকোত্তর পর্যায়ের শিক্ষার্থী যারা মাস্টার্সে অধ্যয়নরত রয়েছেন, তাদেরকে এই বৃত্তি প্রদান করা হবে। তবে প্রকৌশল, কৃষি এবং চিকিৎসা ডিসিপ্লিনের ক্ষেত্রে কেবল মাত্র স্নাতক/স্নাতক (সম্মান) পর্যায়ের ৬ষ্ঠ সেমিস্টার সম্পন্নকারী শিক্ষার্থীদের বৃত্তি প্রদান করা যাবে।

৩। বৃত্তি প্রদানের ক্ষেত্রে প্রত্যেক অনুষদের সর্বোচ্চ মার্কসধারী ১ম, ২য় ও ৩য় স্থান অর্জনকারীদের বিবেচনা করা যাবে। এক্ষেত্রে ১ম স্থান অর্জনকারী যদি এই নীতিমালায় বর্ণিত শর্তের আলোকে যোগ্য বলে বিবেচিত না হন, তবে ২য় স্থান অর্জনকারী বিবেচিত হবেন এবং অনুরূপভাবে ২য় স্থান অর্জনকারী বিবেচিত না হলে ৩য় স্থান অর্জনকারী বিবেচিত হবেন।

৪। সিজিপিএ বা ফলাফল সমান হলে এইচ.এস.সি ও এসএসসি পরীক্ষার ফলাফল বিবেচনাপূর্বক সার্বিক বিচারে প্রার্থী নির্বাচন করে বৃত্তি প্রদান করা যাবে।

৫। বৃত্তি হিসাবে প্রতি মাসে ২,০০০/- (দুই হাজার) টাকা হারে ০১ (এক) বছরে ২,০০০X ১২ মাস= ২৪,০০০/- (চব্বিশ হাজার) টাকা প্রদান করা হবে এবং বই পুস্তক কেনার জন্য এককালীন ২,০০০/- (দুই হাজার) টাকা প্রদান করা হবে।

৬। কোন পাবলিক বিশ্ববিদ্যালয়ে একই বছরে একাধিক শিক্ষার্থীকে বৃত্তি প্রদান করা যাবে না।

(খ) মেধাবী প্রতিবন্ধী শিক্ষার্থী ক্যাটাগরির ক্ষেত্রে শর্তাবলি:

১। প্রত্যেক পাবলিক বিশ্ববিদ্যালয় থেকে প্রতি বছর সর্বোচ্চ ০১ (এক) জন শিক্ষার্থী ০৪ (চার) বছর করে মেধাবী প্রতিবন্ধী শিক্ষার্থীকে প্রতি বছর হিসাবে মোট ০৪ (চার) বছরের জন্য বৃত্তি প্রদান করা হবে। প্রতিবন্ধী হিসেবে বিবেচনার ক্ষেত্রে দৃষ্টিহীন প্রতিবন্ধীকে বিশেষ প্রতিবন্ধী হিসেবে বিবেচনা করা হবে।

২। স্নাতক পর্যায়ের ৩য়, ৫ম ও ৭ম সেমিস্টারে অধ্যয়নরত এবং স্নাতক ডিগ্রি সম্পন্নকারীগণকে এই বৃত্তি প্রদান করা হবে। এক্ষেত্রে অব্যবহিত পূর্বের সেমিস্টারের পরীক্ষার ফলাফল বিবেচনা করা হবে।

(গ) যে সকল শিক্ষার্থী সকল পর্যায়ের পরীক্ষাতেই প্রথম বিভাগ/১ম শ্রেণীতে অথবা সমমানের ফলাফল করে উত্তীর্ণ হয়েছে কেবলমাত্র তারাই এই বৃত্তি পাওয়ার যোগ্য বলে বিবেচিত হবে।

(ঘ) গর্হিত আচরণের জন্য বিশ্ববিদ্যালয় কোন শিক্ষার্থীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নিয়ে থাকলে সেই শিক্ষার্থী এই বৃত্তির জন্য অযোগ্য বলে বিবেচিত হবে ;

(ঙ) অনিয়মিত শিক্ষার্থী আছে এমন শিক্ষার্থী মনোনয়ন বিবেচনা যোগ্য নয়। তবে তা' অনধিক এক বৎসর হলে বিশ্ববিদ্যালয় রেজিস্ট্রার স্বাক্ষরিত যুক্তিসংগত কারণসহ মনোনয়ন পাওয়া গেলে কমিশন কর্তৃপক্ষ বিবেচনা করে দেখতে পারেন ;

(চ) ইউজিসি মেধাবৃত্তিধারী শিক্ষার্থীগণ বিনা বেতনে অধ্যয়নের সুযোগ পাবেন।



Scanned with CamScanner